গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।
www.bbagc.edu.bd

ই-মেইল : bbacollege@gmail.com

তারিখ:১০/১২/২০২৫ খ্রি.

## ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় আবেদন করতে পারবে। আবেদন ফরম আগামী ১৫/১২/২০২৫ থেকে ৩০/১২/২০২৫ তারিখ পর্যন্ত কলেজের অফিস থেকে সংগ্রহ করা যাবে। কলেজ অফিসের কাউন্টার থেকে রশিদ সংগ্রহ করে ক্যাশিয়ারের স্বাক্ষরসহ উত্তরা ব্যাংক, চৌরাস্তা শাখায় টাকা জমা দিয়ে উক্ত রশিদ প্রদর্শন পূর্বক ক্যাশ কাউন্টার হতে আবেদন ফরম সংগ্রহ করে পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ ক্যাশিয়ায়ের নিকট জমা দিতে হবে।

### রেজিস্ট্রেশন ফি এর বিবরণ

| ক্রমিক | বিবরণ | টাকা | আবেদন ফরম সংগ্রহ ও টাকা জমার তারিখ |
|---|---|---|---|
| ১ | তালিকাভুক্তি ফি | ১০০/- | ১৫/১২/২০২৫ থেকে ৩০/১২/২০২৫ পর্যন্ত |
| ২ | নির্বাচনী পরীক্ষা ফি ৫০×১১ | ৫৫০/- | |
| ৩ | ব্যবস্থাপনা ফি | ৫০/- | |
| ৪ | বিবিধ | ১০০/- | |
| | সর্বমোট = | ৮০০/- | |

- ২০২১ সাল এবং তৎপূর্ববর্তী বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৬ সালের এইচএসসি/ সমমান পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে। তাছাড়া ২০২০ সাল বা তৎপূর্ববর্তী বছরের বাংলাদেশে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় পাশকৃত শিক্ষার্থী প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে।
- ২০২৬ সালের পাঠ্যসূচী অনুযায়ী এইচএসসি পরীক্ষা- ২০২৬ এ অংশগ্রহণ করতে হবে। বোর্ড কর্তৃক প্রণীত পরীক্ষা পরিচালনার নিয়মাবলি প্রাইভেট পরীক্ষার্থীদের বেলায়ও প্রযোজ্য হবে।
- প্রাইভেট পরীক্ষার্থীদেরকে অবশ্যই নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- প্রাইভেট পরীক্ষার্থীদের বোর্ড কর্তৃক নির্ধারিত কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে কোন অবস্থাতেই কেন্দ্র পরিবর্তন করা যাবে না।
- প্রাইভেট পরীক্ষার্থীগণ কেবল মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে এবং বোর্ড কর্তৃক নির্ধারিত বিষয় গুচ্ছ অনুসরণ করতে হবে। যে সমস্ত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যতিত) যে সমস্ত বিষয়/ বিষয়সমূহ নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। প্রাইভেট পরীক্ষার্থীগণ ৪র্থ বিষয় গ্রহণ করতে পারবে না।
- বোর্ডের কোন কর্মচারী কর্মরত অবস্থায় নিজ বোর্ড থেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ইচ্ছা করলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বাংলাদেশের অন্য যে কোন বোর্ড থেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**আবেদন-এর সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে:**

ক. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান পরীক্ষা পাসের মূল নম্বরপত্র জমা দিতে হবে।

খ. প্রার্থীর সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।

গ. যে সকল প্রার্থী ১৯৯৫ সাল হতে তৎপূর্বে (যেকোন শিক্ষা বোর্ড) অথবা ১৯৯৯ সাল হতে তৎপূর্বে মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক **Verified and Found Correct** লেখা থাকতে হবে।

ঘ. যে সকল পরীক্ষার্থী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক **Verified and Found Correct** লেখা থাকতে হবে।

ঙ. যে সকল পরীক্ষার্থী ২০২১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে এবং ২০১৭ বা তৎপূর্ববর্তী বৎসরে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদেরকে মূল প্রবেশপত্র সাথে জমা দিতে হবে।

চ. বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোন কলেজের অধ্যক্ষ/অত্র বোর্ডের কোন সদস্য অথবা কোন সরকারি গ্রেজেটেড অফিসারের নিকট থেকে প্রার্থীর চরিত্র, আচরণ, প্রার্থীত পরীক্ষার অভ্যপক্ষে দুই বছর পূর্ব পর্যন্ত কোন অনুমোদিত কলেজে শিক্ষার্থী ছিল না এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিষ্কার হয়নি অথবা হয়ে থাকলেও এর মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। অসত্য তথ্য প্রদান করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

ছ. শিক্ষক-প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরীর মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্তত তিন বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সিল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

জ. পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে এক বছর যাবত সক্রিয়ভাবে চাকুরীতে আছে মর্মে পুলিশ সুপার/ কমান্ডিং অফিসারের সমপর্যায়ের কর্মকর্তার সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

ঝ. কোন শারীরিক প্রতিবন্ধী কিংবা দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থী শ্রুতিলেখক (স্কাইব) সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে পরীক্ষা পরিচালনা নীতিমালা মোতাবেক ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীকে শ্রুতিলেখক (স্কাইব) নিযুক্ত করতে হবে।

10.12.25
অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর
অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর